দৈনিক বাংলা

তারিখ 3 0 JUL 1995
পৃষ্ঠা ১ কলাম ৪

৭৮

# প্রাথমিক শিক্ষকের ১৯৯ পদের জন্য ২০ হাজার দরখাস্ত

**মুস্তফা নঈম ঃ** চট্টগ্রাম ২৯ জুলাই।– চট্টগ্রাম জেলার প্রাথমিক স্কুলের ১৯৯টি সহকারী শিক্ষক পদের জন্য আজ পর্যন্ত দরখাস্ত জমা পড়েছে বিশ হাজার। দরখাস্ত জমা দেয়ার আরো দুইদিন বাকি রয়েছে। জেলার চৌদ্দটি থানার সর্বমোট পদ শূন্য রয়েছে ৩৪৮টি। এর মধ্যে সন্দ্বীপেই খালি রয়েছে একশ ৪৯। তিন তিন বার নিয়োগের জন্য মনোনীত করেও মামলাজনিত কারণে সন্দ্বীপ থানায় শিক্ষক নিয়োগ আপাতত বন্ধ রয়েছে। মামলার কারণে ৮৭ সালে ২৪ জন, ৯০ সালে ৩৭ জন, ৯৩ সালে ৮৮ জনসহ সর্বমোট ১৪৯ জন শিক্ষক নিয়োগের জন্য চূড়ান্ত মনোনীত হয়েও নিয়োগ পাচ্ছে না। এছাড়া জেলার বাকি ১৩টি থানায় শূন্য পদ রয়েছে ১৯৯টি। দরখাস্ত জমা নেয়ার বাকি দুই দিনে আরো প্রায় দুই/তিন হাজারের বেশী আবেদন পত্র জমা পড়তে পারে বলে জেলা শিক্ষা সূত্র জানিয়েছে।

এদিকে জেলা শিক্ষা কর্মকর্তা জানিয়েছেন শিক্ষক নিয়োগের পাশাপাশি জেলার বিভিন্ন থানা অফিসে ১৫টি নিম্নমান সহকারীর পদ শূন্য রয়েছে। এ সকল শূন্য কর্মচারীর অভাবে কাজকর্মে সমস্যা সৃষ্টি হয়।

## শিশু অপহরণের চেষ্টা

অপর এক খবরে প্রকাশ, আজ চট্টগ্রাম নগরীর আগ্রাবাদ এলাকা থেকে ৬টি অবুঝ শিশু অপহরণের চেষ্টা ব্যর্থ হয়ে গেছে। সন্ধ্যা সাড়ে ৬টা নাগাদ এক টেক্সিচালক শিশুদের বিস্কুট ও লোভনীয়

৫-এর পৃঃ দ্রঃ)

## প্রাথমিক শিক্ষকের

(প্রথম পৃষ্ঠার পর)

চকলেটের প্রলোভন দেখিয়ে গাড়িতে তুলে নেয়। টেক্সিটি আগ্রাবাদ থেকে দেওয়ানহাট ওভারব্রিজের কাছে গতি কমালে দুইটি শিশু লাফিয়ে নেমে পড়ে। অপর চার শিশু উচ্চস্বরে কান্নাকাটি শুরু করলে অবস্থা বেগতিক দেখে অপহরণকারী নগরীর সিআরবি এলাকার নির্জন স্থানে শিশুদের রেখে দ্রুত চম্পট দেয়। পরে স্থানীয় জনগণ এই শিশুদের উদ্ধার করে। এরপর তারা নগরীতে মাইকিং করার পর অপহৃত শিশুদের অভিভাবকগণ নিজ নিজ সন্তানদের সনাক্ত করে ঘরে নিয়ে যায়। ঘটনাটি নগরীতে বেশ চাঞ্চল্যের সৃষ্টি করেছে। অপহৃত সকলের বয়স চার থেকে সাত বছর। আগ্রাবাদ এলাকার লোকজন অপহরণ ঘটনায় ব্যবহৃত টেক্সিচালকের নাম রাজু বলে জানিয়েছে।